# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৪৯৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. প্রথম অনুচ্ছেদ - বৃষ্টির জন্য সালাত

بَابُ الْاِسْتِسْقَاءِ

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَرْفَعُ يَدَيْهِ فِي شَيْءٍ مِنْ دُعَائِهِ إِلَّا فِي الِاسْتِسْقَاءِ فَإِنَّهُ يَرْفَعُ حَتَّى يرى بَيَاض إبطَيْهِ

### বাংলা

১৪৯৮-[২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইসতিসক্বা (বৃষ্টির জন্য সালাত) ছাড়া আর অন্য কোন দু'আয় হাত উঠাতেন না। এ দু'আয় তিনি এত উপরে হাত উঠাতেন যে তাঁর বগলের শুভ্র উজ্জ্বলতা দেখা যেত। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ১০৩১, মুসলিম ৮৯৫, নাসায়ী ৭৪৮, ইবনু মাজাহ্ ১১৮০, মুসনাদ আল বাযযার ৬৮৪৫, ইবনু খুযায়মাহ্ ১৭৯১, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৪৪৫, শারহুস্ সুন্নাহ্ ১১৬৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাফিয ইবনু হাজার বলেন, ইস্তিসক্বা ব্যতীত অন্য কোন দু'আয় হাত তুলতেন না- এ হাদীসের প্রকাশ্য ভাষ্য যে ইস্তিসক্বা ব্যতীত সকল দু'আ হাত উত্তোলনকে নিষেধ করে। আর এ হাদীস অন্য হাদীসসমূহের বিপরীত যেখানে হাত উত্তোলনের কথা বলা হয়েছে। অনেকে হাত উত্তোলনকে উত্তম ‘আমল বলে রায় দিয়েছেন এবং তারা আনাস (রাঃ)-এর উক্ত হাদীসে তাঁর অন্যকে হাত উত্তোলন না দেখা আবশ্যক করে না যে অন্যরা হাত তুলে না আর (কায়েদানুসায়ী) হ্যাঁ সূচক বর্ণনাগুলো না সূচক বর্ণনার উপর প্রাধান্য পাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56058

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন